



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/৮২৩

তারিখ: ৩০/০৭/২০২০

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ গুজব প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭, তারিখ: ২৫/০৭/২০১৯খ্রি:

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি অসাধু মহল বিভিন্ন বিষয়ে গুজব ছড়িয়ে সমাজে অস্থিরতা সৃষ্টি করার অপপ্রয়াস চালাচ্ছে। সম্প্রতি গুজব ছড়িয়ে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছেলেধরা সন্দেহে নিরীহ মানুষের উপর আক্রমণ করা হয়েছে এবং কয়েকজনকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ গুজব প্রতিরোধে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গুজব প্রতিরোধের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের দিক নির্দেশনামূলক জারিকৃত পরিপত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বর্ণিত পরিপত্রের নির্দেশনা অনুধাবন করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


৩০.০৭.২০


প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ,
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সংযুক্তি:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭, তারিখ: ২৫/০৭/২০১৯খ্রি:



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, একটি অসাধু মহল বিভিন্ন বিষয়ে গুজব ছড়িয়ে সমাজে অস্থিরতা সৃষ্টি করার অপপ্রয়াস চালাচ্ছে। সম্প্রতি গুজব ছড়িয়ে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছেলেধরা সন্দেহে নিরীহ মানুষের উপর আক্রমণ করা হয়েছে এবং কয়েকজনকে নির্মমভাবে পিটিয়ে হত্যা করা হয়েছে। সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ গুজব প্রতিরোধের জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণসহ গুজব রটনাকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছে। শিক্ষার্থীদের আধিক্য এবং বয়সজনিত কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে গুজব রটনা সহজ বিধায় অসাধু মহল অভিভাবক, শিক্ষার্থীসহ সর্বসাধারণকে এ কাজে ব্যবহার করছে। এ অবস্থায়:

- ১.১ গুজব হতে সাবধান থাকার জন্য অভিভাবক ও কোমলমতি শিক্ষার্থীদের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকবৃন্দ সচেতন করবেন;
- ১.২ এ ধরনের কোন ঘটনা আর যাতে কোথাও না ঘটতে পারে সে জন্য সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১.৩ গুজব রটনাকারীদের চিহ্নিত করে আইন-শৃঙ্খলা বাহিনীর নিকট সোপর্দ করতে হবে;
- ১.৪ জনগুরুত্বপূর্ণ এ বিষয়ে বিশেষ সতর্ক থেকে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সোহরাব
২৫.০৭.২০১৯
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয়ে অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৪. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. বিভাগীয় কমিশনার (সকল)।
৬. পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।

চলমান পাতা/২